গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, সেতু বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২০

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

সেতু বিভাগ ১৫০০ মিটার বা তদূর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, টোল রোড, টানেল, ফ্লাইওভার, এক্সপ্রেসওয়ে, কজওয়ে, রিং রোড ইত্যাদির সম্ভাব্যতা যাচাই, পরিকল্পনা, বাস্তবায়ন, পরিবীক্ষণ ইত্যাদি দায়িত্ব পালন করে থাকে। সেতু বিভাগের অভিলক্ষ্য ও কৌশলগত উদ্দেশ্যের সাথে সংগতি রেখে সাম্প্রতিক বছরসমূহে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের আওতাধীন মূল সেতুর নির্মাণ কাজের ২২% অগ্রগতিসহ সার্বিকভাবে ৩২% ভৌত অগ্রগতি অর্জিত হয়েছে। ঢাকা শহরের যানজট নিরসনে প্রায় ৪৬.৭৩ কিলোমিটার দীর্ঘ ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের নির্মাণ কাজ শুরু হয়েছে এবং ইতোমধ্যে ৫% ভৌত অগ্রগতি সাধিত হয়েছে। কর্ণফুলী নদীর তলদেশে প্রায় ৩.৪০ কিলোমিটার দীর্ঘ টানেল জি-টু-জি ভিত্তিতে নির্মাণে ৮৪৪৬.৬৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। এ টানেল নির্মাণে নির্মানকারী প্রতিষ্ঠানের সাথে বাণিজ্যিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সাম্প্রতিক সময়ে বঙ্গবন্ধু সেতুর পর্যবেক্ষণ (সার্ভিলেন্স) ব্যবস্থার উন্নয়ন, পৃথক ট্রাক লেন নির্মাণ, ফাটল মেরামত কাজ সম্পন্ন করা হয়েছে এবং মুক্তারপুর সেতুতে স্বয়ংক্রিয় টোল সংগ্রহ পদ্ধতি চালু করা হয়েছে। বিআরটি প্রকল্পের এলিভেটেড অংশের ডিজাইন চূড়ান্ত হয়েছে। তাছাড়া ঢাকা সেনানিবাসের জাহাঙ্গীর গেট এলাকায় ফ্লাইওভার ও আন্ডারপাস এবং বৃহত্তর বরিশাল জেলায় আরও ৩টি সেতু নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

সেতু বিভাগের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে কিছু সমস্যা/চ্যালেঞ্জও রয়েছে। এসমস্ত সমস্যা/চ্যালেঞ্জের মধ্যে রয়েছে পদ্মা বহুমুখী সেতু প্রকল্প এলাকায় নদী ভাঙ্গন, খননকৃত মাটি অপসারণ, নদীর গভীরে অতি ঘন চিকন বালিতে পাইল ড্রাইভিং। এছাড়া বঙ্গবন্ধু সেতু এলাকার গাঁইড বাধ ও হার্ড পয়েন্ট এলাকায় নদী ভাঙ্গন একটি চ্যালেঞ্জ। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পে ভূমি অধিগ্রহণ ও স্থাপনা অপসারণ, বিআরটি প্রকল্পের নির্মাণ কাজ চলাকালে যানবাহন ব্যবস্থাপনা ইত্যাদিও সমস্যা/চ্যালেঞ্জ হিসেবে দেখা হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

সেতু বিভাগের বেশকিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে। এরমধ্যে আছে ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেওয়ে নির্মাণ, পাটুরিয়া-গোয়ালন্দ অবস্থানে ২য় পদ্মা সেতু নির্মাণ, বঙ্গবন্ধু সেতুর উভয় প্রান্তের সংযোগ সড়ক ৪-লেনে উন্নীতকরণ। তাছাড়া যমুনা নদীর তলদেশে টানেল এবং ঢাকা শহরে সাবওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করা, বৃহত্তর বরিশাল জেলায় কিছু নতুন সেতু নির্মাণ, বঙ্গবন্ধু সেতুর ওজনস্কেলে ই-টিকেটিং পদ্ধতি চালুকরণ, এপ্রোচ রোড চার লেনে উন্নীতকরণ, ভূয়াপুর হার্ড পয়েন্টের স্থায়ী সুরক্ষা, মুক্তারপুর সেতুর সংযোগ সড়কের ডাবল বিটুমিনাস সারফেস ট্রিটমেন্ট (ডিবিএসটি) করার পরিকল্পনা রয়েছে। ২০১৮ সালের মধ্যে পদ্মা সেতুর নির্মাণ কাজ সমাপ্ত করার পরিকল্পনাও রয়েছে।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পে মূল সেতুর ২৫%, নদীশাসন কাজের ২৫% এবং সংযোগ সড়কের অবশিষ্ট ১২% কাজ সম্পন্ন করা;
- কর্ণফুলী নদীর তলদেশে টানেল নির্মাণ কাজ শুরু করা এবং ৫% কাজ সম্পন্ন করা;
- ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের ৫% ভৌত নির্মাণ কাজ সম্পন্ন করা।

# উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সেতু বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

দেশব্যাপী নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) নেটওয়ার্ক।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

১৫০০ মিটার ও তদূর্ধ্ব সেতু, টোল রোড, টানেল, ফ্লাইওভার, এক্সপ্রেসওয়ে, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, কজওয়ে, রিং রোড ইত্যাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণ ও এর দক্ষতা বৃদ্ধি করা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা;
২. বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা;
৩. পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি করা।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. ১৫০০ মিটার ও তদূর্ধ্ব সেতু, টোল রোড, টানেল, ফ্লাইওভার, এক্সপ্রেসওয়ে, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, কজওয়ে, রিং রোড ইত্যাদি পরিকল্পনা, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন।
২. এ সকল সেতু, টানেল ও স্থাপনা ব্যবহারকারী বিভিন্ন শ্রেণির যানবাহনের টোল নির্ধারণ ও আদায়।
৩. এ সকল সেতু, টানেল ও স্থাপনার পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।
৪. বৃহৎ সেতু ও অন্যান্য স্থাপনার নির্ধারিত এলাকাসমূহের নিরাপত্তা নিশ্চিত করা।

## সেকশন ২
## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | | |
| নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা | দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সাথে ঢাকাসহ পূর্বাঞ্চলের নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা | % | ০ | ০ | ০ | ০ | ১০০ | - | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন |
| বড় বড় শহরে ভ্রমণ সময় হ্রাস | উত্তরা হতে কুতুবখালী ভ্রমণ সময় হ্রাস | % | ০ | ০ | ০ | ০ | ০ | | |
| আন্তঃশহর ভ্রমণ সময় হ্রাস | ঢাকার সাথে উত্তরাঞ্চলের শহরগুলোর ভ্রমণ সময় হ্রাস | % | ০ | ০ | ০ | ০ | ০ | | |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা; | ৪৫ | [১.১] পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে ক্ষতিগ্রস্থদের পুনর্বাসন (মোট পরিবার ২৬৩৪) | [১.১.১] পুনর্বাসনকৃত পরিবার (ক্রমপুঞ্জিভূত) | সংখ্যা | ৪.০০ | ১৩৩০ | ২১৩০ | ২৩৩০ | ২৩১০ | ২২৯০ | ২২৭০ | ২২৫০ | ২৪৮০ | ২৬৩৪ |
| | | [১.২] মূল সেতু নির্মাণ | [১.২.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৪.০০ | ৫ | ২৭ | ৫২ | ৪৭ | ৪২ | ৩৭ | ৩২ | ৮২ | ১০০ |
| | | [১.৩] নদীশাসন কাজ | [১.৩.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৪.০০ | ৪.৫ | ২৫.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৮০ | ১০০ |
| | | [১.৪] সংযোগ সড়ক নির্মাণ | [১.৪.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৪.০০ | ৪৭.৬ | ৭৭.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ০ | ০ |
| | | [১.৫] সার্ভিস এরিয়া-২ নির্মাণ | [১.৫.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৪.০০ | ৪৩ | ৯৩ | ১০০ | ৯৯ | ৯৮ | ৯৭ | ৯৬ | ০ | ০ |
| | | [১.৬] পরিবেশ সংরক্ষণের জন্য বনায়ন | [১.৬.১] সম্পাদিত বনায়ন কাজ | সংখ্যা | ৪.০০ | ১১০০০ | ১১০০০ | ২০০০০ | ১৮০০০ | ১৫০০০ | ১৩০০০ | ১০০০০ | ১৫০০০০ | ১৫০০০০ |
| | | [১.৭] বঙ্গবন্ধু সেতুর ভুয়াপুর হার্ডপয়েন্টের স্থায়ী প্রতিরক্ষামূলক কাজ | [১.৭.১] সম্পাদিত কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৫.০০ | ০ | ৫০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ০ | ০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৭] বঙ্গবন্ধু সেতুর ভুয়াপুর হার্ডপয়েন্টের স্থায়ী প্রতিরক্ষামূলক কাজ | [১.৭.২] বঙ্গবন্ধু সেতুর উভয় দিকের সংযোগ সড়কে Overlay কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৪.০০ | ০ | ১৫ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৮০ | ১০০ |
| | | | [১.৭.৩] বঙ্গবন্ধু সেতুর পশ্চিম পুনর্বাসন এলাকার সংযোগ সড়ক মেরামত | কি. মি. | ৪.০০ | ০ | ০ | ১.২ | ১.১ | ১.০ | ০.৯ | ০.৮ | ০ | ০ |
| | | | [১.৭.৪] বঙ্গবন্ধু সেতুর সার্ভেইল্যান্স সিস্টেম আপগ্রেডেশন | % | ৩.০০ | ০ | ১০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ০ | ০ |
| | | [১.৮] মুক্তারপুর সেতুর সংযোগ সড়ক মেরামত | [১.৮.১] মুক্তারপুর সেতুর সংযোগ সড়কে অবস্থিত ক্ষতিগ্রস্থ সেতুর বাইলেন সড়ক নির্মাণ কাজ | % | ২.০০ | ০ | ০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ০ | ০ |
| | | | [১.৮.২] মুক্তারপুর সেতুর সংযোগ সড়কে অবস্থিত ক্ষতিগ্রস্থ সেতু মেরামত/পুনর্নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ২.০০ | ০ | ০ | ৩০ | ২৮ | ২৫ | ২৩ | ২০ | ৮০ | ১০০ |
| | | | [১.৮.৩] মুক্তারপুর সেতুর সংযোগ সড়কে DBST এর কাজ | % | ১.০০ | ০ | ০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ০ | ০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা; | ২০ | [২.১] ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের জমি অধিগ্রহণ পরিকল্পনা প্রণয়ন | [২.১.১] ২য় ও ৩য় ট্রাঞ্চের অতিরিক্ত ভূমি অধিগ্রহণ পরিকল্পনা প্রণয়ন | তারিখ | ২.০০ | ০ | ০ | ১৫-০৬-২০১৭ | ১৮-০৬-২০১৭ | ২২-০৬-২০১৭ | ২৫-০৬-২০১৭ | ৩০-০৬-২০১৭ | | |
| | | [২.২] পুনর্বাসন ভিলেজের বিস্তারিত নকশা অনুমোদন ও ঠিকাদার নিয়োগ | [২.২.১] বিস্তারিত নকশা অনুমোদন | তারিখ | ৩.০০ | | | ২৯-১২-২০১৬ | ১০-০১-২০১৭ | ১৯-০১-২০১৭ | ৩১-০১-২০১৭ | ২৮-০২-২০১৭ | | |
| | | | [২.২.২] ঠিকাদার নিয়োগ | তারিখ | ২.০০ | | | ০১-০৬-২০১৭ | ০৮-০৬-২০১৭ | ১৫-০৬-২০১৭ | ২২-০৬-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.৩] প্রকল্পে ক্ষতিগ্রস্থদের এনজিওর মাধ্যমে টপআপ প্রদান শুরু (২য় ও ৩য় ট্রাঞ্চ) | [২.৩.১] পুনর্বাসন কর্মপরিকল্পনা ও প্রোপার্টি ভেলুয়েশন এডভাইজরি কমিটির (পিভিএসি) রিপোর্ট অনুমোদন | তারিখ | ৪.০০ | | | ২৯-০৯-২০১৬ - | ০৩-১১-২০১৬ | ১০-১১-২০১৬ | ১৭-১১-২০১৬ | ২৪-১১-২০১৬ | | |
| | | | [২.৩.২] অতিরিক্ত ক্ষতিপূরণ প্রদান | % | ২.০০ | ০ | ০ | ২০ | ১৮ | ১৫ | ১২ | ১০ | ৫০ | ৩০ |
| | | [২.৪] ২য় ও ৩য় ট্রাঞ্চের ইউটিলিটি স্থানান্তর ও ভবন অপসারণ | [২.৪.১] ভবন ও অবকাঠামো অপসারণ | % | ২.০০ | ০ | ০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ২০ | |
| | | | [২.৪.২] ২য় ও ৩য় ট্রাঞ্চের ইউটিলিটি স্থানান্তর | % | ২.০০ | ০ | ০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ২০ | |
| | | [২.৫] ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ভৌত নির্মাণ কাজ | [২.৫.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ২.০০ | ০ | ৫ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ৪০ | ৭০ |
| | | [২.৬] সাবওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা | [২.৬.১] পরামর্শক নিয়োগে EoI আহ্বান | তারিখ | ১.০০ | | | ৩০-০৫-২০১৭ | ০৭-০৬-২০১৭ | ১৪-০৬-২০১৭ | ২১-০৬-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি করা। | ১৫ | [৩.১] ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ | [৩.১.১] সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্নকরণ | তারিখ | ৫.০০ | | | ৩০-০৩-২০১৭ | ০৬-০৪-২০১৭ | ১৩-০৪-২০১৭ | ২০-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | [৩.২] বিআরটি করিডোরের এলিভেটেড অংশ নির্মাণ | [৩.২.১] ঠিকাদার নিয়োজিত | তারিখ | ৩.০০ | | | ৩০-০৩-২০১৭ | ০৬-০৪-২০১৭ | ১৩-০৪-২০১৭ | ২০-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | | [৩.২.২] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ২.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ১ | ৬০ |
| | | [৩.৩] কর্ণফুলী টানেল নির্মাণ | [৩.৩.১] অধিগ্রহণকৃত ভূমি | একর | ২.০০ | | ২৪.৭ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৫০ | ৫০ |
| | | | [৩.৩.২] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ২.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৩৫ | ৬৫ |
| | | | [৩.৩.৩] ডিজাইন চূড়ান্তকরণ | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩১-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ৩০-০৬-২০১৭ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, সেতু বিভাগ, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সেতু বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>সেতু বিভাগ<br>সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | ০৪/৮/২০১৬<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ০৪.০৮.২০১৬<br>তারিখ |

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রোফর্মা |
| ২ | ডিবিএসটি | ডাবল বিটুমিনাস সারফেস ট্রিটমেন্ট |
| ৩ | আরএস | রিসেটেলমেন্ট সাইট |
| ৪ | আরএপি | রিসেটেলমেন্ট এ্যাকশন প্ল্যান |
| ৫ | পিএমবিপি | পদ্মা মাল্টিপারপাস ব্রীজ প্রজেক্ট |
| ৬ | এমওইউ | মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং |
| ৭ | এমবি | মেজারমেন্ট বুক |
| ৮ | এলএপি | ল্যান্ড একুইজিশন প্ল্যান |
| ৯ | জিটুজি | গভার্ণমেন্ট টু গভার্ণমেন্ট |
| ১০ | এফডিইই | ফার্স্ট ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে কোম্পানী লিমিটেড |
| ১১ | ইএমপি | এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট প্ল্যান |
| ১২ | ডিডি | ডিটেইলড ডিজাইন |
| ১৩ | ইওআই | এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট |
| ১৪ | পিভিএসি | প্রপার্টি ভেল্যুয়েশন এডভাইজরি কমিটি |
| ১৫ | বাসেক | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ |
| ১৬ | বিআরটি | বাস র‌্যাপিড ট্রানজিট |
| ১৭ | এম বি | মেজারমেন্ট বুক |
| ১৮ | আই ই | ইন্ডিপেন্ডেন্ট ইঞ্জিনিয়ার |
| ১৯ | সি এস সি | কনস্ট্রাকশন সুপারভিশন কনসালটেন্সি |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে ক্ষতিগ্রস্থদের পুনর্বাসন (মোট পরিবার ২৬৩৪) | [১.১.১] পুনর্বাসনকৃত পরিবার (ক্রমপুঞ্জিভূত) | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে মুন্সীগঞ্জ জেলায় ৪টি শরীয়তপুর জেলায় ২টি ও মাদারীপুর জেলায় ১টি পুনর্বাসন সাইটে বিভিন্ন নাগরিক সুবিধাসহ ইতোমধ্যে পুনর্বাসিত ২১৩০টি পরিবাসহ মোট ২৬৩৪টি পরিবারকে প্রকল্প চলাকালীন সময়ের মধ্যে পুনর্বাসনের পরিকল্পনা রয়েছে। উক্ত পরিকল্পনার অংশ হিসেবে ২০১৬-২০১৭ অর্থবছরে ক্রমপুঞ্জীভূত লক্ষ্যমাত্রা ২৩৩০ পরিবারকে পুনর্বাসন করা। | ভূমি মন্ত্রণালয়, সেতু বিভাগ, সংশ্লিষ্ট জেলা প্রশাসক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | এন জি ও-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] মূল সেতু নির্মাণ | [১.২.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের আওতাধীন মূল সেতুর ভৌত নির্মাণ কাজ ইতোমধ্যে ২৭% সম্পন্ন হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে ক্রমপুঞ্জীভূত ভৌত লক্ষ্যমাত্রা ৫২%। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] নদীশাসন কাজ | [১.৩.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের আওতাধীন নদীশাসনের ভৌত নির্মাণ কাজ ইতোমধ্যে ২৫.৫% সম্পন্ন হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে ক্রমপুঞ্জীভূত ভৌত লক্ষ্যমাত্রা ৫০% । | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] সংযোগ সড়ক নির্মাণ | [১.৪.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের উভয় পাড়ের সংযোগ সড়কের ভৌত নির্মাণ কাজের ৭৭.৫% সম্পন্ন হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে ক্রমপুঞ্জীভূত ভৌত লক্ষ্যমাত্রা ১০০%। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] সার্ভিস এরিয়া-২ নির্মাণ | [১.৫.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে সার্ভিস এরিয়া-২ এর ভৌত নির্মাণ কাজের ৯৩% সম্পন্ন হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে ক্রমপুঞ্জীভূত ভৌত লক্ষ্যমাত্রা ১০০%। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] পরিবেশ সংরক্ষণের জন্য বনায়ন | [১.৬.১] সম্পাদিত বনায়ন কাজ | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে বনায়ন কাজের মধ্যে পুনর্বাসন ও সার্ভিস এরিয়াগুলোতে সর্বমোট ৬৭,১৩০টি গাছ লাগানো হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে আরও ২০,০০০টি গাছ রোপণ করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৭] বঙ্গাবন্ধু সেতুর ভুয়াপুর হার্ডপয়েন্টের স্থায়ী প্রতিরক্ষামূলক কাজ | [১.৭.১] সম্পাদিত কাজ (ক্রমপুঞ্জিভূত) | বঙ্গাবন্ধু সেতু রক্ষণাবেক্ষণের অংশ হিসেবে ভুয়াপুর হার্ডপয়েন্টের স্থায়ী প্রতিরক্ষামূলক কাজ ইতোমধ্যে ৫০% সম্পন্ন হয়েছে।২০১৬-২০১৭ অর্থবছরে ক্রমপুঞ্জীভূত ভৌত লক্ষ্যমাত্রা ১০০%। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মেজারমেন্ট বুক (এম বি) | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৭.২] বঙ্গাবন্ধু সেতুর উভয় দিকের সংযোগ সড়কে Overlay কাজ (ক্রমপুঞ্জিভূত) | বঙ্গাবন্ধু সেতুর উভয় দিকের সংযোগ সড়কে Overlay কাজ ইতোমধ্যে ১৫ % সম্পন্ন হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে ক্রমপুঞ্জীভূত ভৌত লক্ষ্যমাত্রা ৫৫%। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মেজারমেন্ট বুক (এম বি) | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৭.৩] বঙ্গাবন্ধু সেতুর পশ্চিম পুনর্বাসন এলাকার সংযোগ সড়ক মেরামত | বঙ্গাবন্ধু সেতুর পশ্চিম পুনর্বাসন এলাকার ১.২০ কিলোমিটার সংযোগ সড়ক মেরামতের কাজ ২০১৬-২০১৭ অর্থবছরে সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মেজারমেন্ট বুক (এম বি) | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৭.৪] বঙ্গাবন্ধু সেতুর সার্ভেইল্যান্স সিস্টেম আপগ্রেডেশন | বঙ্গাবন্ধু সেতুর সার্ভেইল্যান্স সিস্টেম আপগ্রেডেশন এর কাজ ইতোমধ্যে ১০% সম্পন্ন হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে অবশিষ্ট ৯০% কাজ সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মেজারমেন্ট বুক (এম বি) | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৮] মুক্তারপুর সেতুর সংযোগ সড়ক মেরামত | [১.৮.১] মুক্তারপুর সেতুর সংযোগ সড়কে অবস্থিত ক্ষতিগ্রস্থ সেতুর বাইলেন সড়ক নির্মাণ কাজ | মুক্তারপুর সেতুর সংযোগ সড়কে অবস্থিত ক্ষতিগ্রস্থ সেতুর বাইলেন সড়ক নির্মাণ কাজ ২০১৬-২০১৭ অর্থবছরে সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মেজারমেন্ট বুক (এম বি) | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৮.২] মুক্তারপুর সেতুর সংযোগ সড়কে অবস্থিত ক্ষতিগ্রস্থ সেতু মেরামত/পুনর্নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | ২০১৬-২০১৭ অর্থবছরে মুক্তারপুর সেতুর সংযোগ সড়কে অবস্থিত - ক্ষতিগ্রস্থ সেতু মেরামত/পুনর্নির্মাণ কাজের ৩০% সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মেজারমেন্ট বুক (এম বি) | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৮.৩] মুক্তারপুর সেতুর সংযোগ সড়কে DBST এর কাজ | মুক্তারপুর সেতুর সংযোগ সড়কে DBST এর কাজ ২০১৬-২০১৭ অর্থবছরে সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মেজারমেন্ট বুক (এম বি) | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের জমি অধিগ্রহণ পরিকল্পনা প্রণয়ন | [২.১.১] ২য় ও ৩য় ট্রাঞ্চের অতিরিক্ত ভূমি অধিগ্রহণ পরিকল্পনা প্রণয়ন | ২০১৫-২০১৬ অর্থবছরে ডিইই প্রকল্পের ২য় ও ৩য় ট্রাঞ্চের ১৭ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে ২য় ও ৩য় ট্রাঞ্চের অতিরিক্ত ভূমি অধিগ্রহণের জন্য একটি পরিকল্পনা প্রণয়ন করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ইন্ডিপেন্ডেন্ট ইঞ্জিনিয়ার (আই ই) এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] পুনর্বাসন ভিলেজের বিস্তারিত নকশা অনুমোদন ও ঠিকাদার নিয়োগ | [২.২.১] বিস্তারিত নকশা অনুমোদন | ২০১৬-২০১৭ অর্থবছরে পুনর্বাসন ভিলেজের বিস্তারিত নকশা চূড়ান্ত হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [২.২.২] ঠিকাদার নিয়োগ | ২০১৬-২০১৭ অর্থবছরে পুনর্বাসন ভিলেজ নির্মাণের ঠিকাদার নিয়োগ সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৩] প্রকল্পে ক্ষতিগ্রস্থদের এনজিওর মাধ্যমে টপআপ প্রদান শুরু (২য় ও ৩য় ট্রাঞ্চ) | [২.৩.১] পুনর্বাসন কর্মপরিকল্পনা ও প্রোপার্টি ভ্যেলুয়েশন এডভাইজরি কমিটির (পিভিএসি) রিপোর্ট অনুমোদন | ২০১৬-২০১৭ অর্থবছরে পুনর্বাসন কর্মপরিকল্পনা ও পিভিএসি কমিটির রিপোর্ট অনুমোদিত হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | এন জি ও-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৩.২] অতিরিক্ত ক্ষতিপূরণ প্রদান | ২০১৬-২০১৭ অর্থবছরে ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্থদের মধ্যে অতিরিক্ত ক্ষতিপূরণ প্রদানের কাজ ২০% সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | এন জি ও-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] ২য় ও ৩য় ট্রাঞ্চের ইউটিলিটি স্থানান্তর ও ভবন অপসারণ | [২.৪.১] ভবন ও অবকাঠামো অপসারণ | ২০১৬-২০১৭ অর্থবছরে ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে ২য় ও ৩য় ট্রাঞ্চের ভবন ও অবকাঠামো অপসারণ কাজ ৮০% সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ইন্ডিপেন্ডেন্ট ইঞ্জিনিয়ার (আই ই) এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৪.২] ২য় ও ৩য় ট্রাঞ্চের ইউটিলিটি স্থানান্তর | ২০১৬-২০১৭ অর্থবছরে ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে ২য় ও ৩য় ট্রাঞ্চের ইউটিলিটি স্থানান্তর কাজ ৮০% সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ইন্ডিপেন্ডেন্ট ইঞ্জিনিয়ার (আই ই) এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ভৌত নির্মাণ কাজ | [২.৫.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ভৌত নির্মাণ কাজ ইতোমধ্যে ৫% সম্পন্ন হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে ক্রমপুঞ্জীভূত ভৌত লক্ষ্যমাত্রা ১০%। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ইন্ডিপেন্ডেন্ট ইঞ্জিনিয়ার (আই ই) এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.৬] সাবওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা | [২.৬.১] পরামর্শক নিয়োগে EoI আহ্বান | ২০১৬-২০১৭ অর্থবছরে ঢাকা শহরে সাবওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার জন্য পরামর্শক নিয়োগের EoI আহ্বান করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ | [৩.১.১] সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্নকরণ | ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা ২০১৬-২০১৭ অর্থবছরে সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সম্ভাব্যতা সমীক্ষা রিপোর্ট | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] বিআরটি করিডোরের এলিভেটেড অংশ নির্মাণ | [৩.২.১] ঠিকাদার নিয়োজিত | ২০১৬-২০১৭ অর্থবছরে বিআরটি করিডোরের এলিভেটেড অংশ নির্মাণের ঠিকাদার নিয়োগ সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.২.২] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | বিআরটি করিডোরের এলিভেটেড অংশের ভৌত নির্মাণ কাজ ২০১৬-২০১৭ অর্থবছরে ৫% সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৩] কর্ণফুলী টানেল নির্মাণ | [৩.৩.১] অধিগ্রহণকৃত ভূমি | ২০১৬-২০১৭ অর্থবছরে কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পের জন্য ৪০ একর ভূমি অধিগ্রহণ করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | জেলা প্রশাসকের কার্যালয় বরাবর অর্থ পরিশোধ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.৩.২] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | ২০১৬-২০১৭ অর্থবছরে কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পের ভৌত নির্মাণ কাজ ৫% সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.৩.৩] ডিজাইন চূড়ান্তকরণ | ২০১৬-২০১৭ অর্থবছরে কর্ণফুলী টানেল-এর ডিজাইন চূড়ান্ত হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | প্রস্তুতকৃত ডিজাইন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় | ২য় ও ৩য় ট্রাঞ্চের অতিরিক্ত ভূমি অধিগ্রহণ পরিকল্পনা প্রণয়ন | ডিইই প্রকল্পের ২য় ও ৩য় ট্রাঞ্চের ভূমি অধিগ্রহণ সংক্রান্ত চূড়ান্ত অনুমোদন | ভূমি মন্ত্রণালয় ভূমি অধিগ্রহণ সংক্রান্ত চূড়ান্ত অনুমোদন প্রদান করে। | প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রীতা |
| অন্যান্য | জেলা প্রশাসকের কার্যালয় ঢাকা | ভবন ও অবকাঠামো অপসারণ | ডিইই প্রকল্পের ২য় ও ৩য় ট্রাঞ্চের ভবন ও অবকাঠামো অপসারণ সংক্রান্ত কাজে জেলা প্রশাসকের কার্যালয়ের সহায়তা | ডিইই প্রকল্পের ভবন ও অবকাঠামো অপসারণ সংক্রান্ত কাজে জেলা প্রশাসকের কার্যালয়ের সহায়তা প্রয়োজন। | প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রীতা |
| অন্যান্য | জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম | অধিগ্রহণকৃত ভূমি | কর্ণফুলী টানেলে-এর অধিগ্রহণকৃত ভূমি হস্তান্তর | জেলা প্রশাসকের কার্যালয় অধিগ্রহণকৃত ভূমি হস্তান্তরের ব্যবস্থা নিয়ে থাকে। | প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রীতা |